

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
প্রশাসন-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

নং- ২৬.০০.০০০০.০৯০.১১.০২৫.১৫-৪০৫

তারিখঃ ২৮-নভেম্বর ২০১৮


নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিযোগিতা আইন, ২০১২ এর ৭ ধারা অনুসারে গঠিত বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এর নিম্নবর্ণিত ১ (এক) টি সদস্য পদে নিয়োগের নিমিত্ত উপযুক্ত ও আগ্রহী বাংলাদেশের নাগরিকগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে;

ক্র:	পদের নাম	পদসংখ্যা	আবেদনকারীর যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন	১ (এক)টি	আইন বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন

শর্তসমূহ:

- আগ্রহী প্রার্থীগণকে নাম, স্থায়ী ও পত্র যোগাযোগের ঠিকানা, যোগ্যতা, ও অভিজ্ঞতা উল্লেখপূর্বক একটি পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্তসহ সাদা কাগজে (হস্ত লিখিত/টাইপকৃত) সচিব, বাণিজ্য মন্ত্রণালয় বরাবরে আগামী ১৭ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে আবেদন করতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদন বিবেচনা যোগ্য হবে না।
- আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি এবং ২ কপি পাসপোর্ট সাইজের রঞ্জন ছবি দাখিল করতে হবে।
- আবেদনপত্রের উপরে ডানদিকের দৃশ্যমান স্থানে এবং জীবন বৃত্তান্তে প্রার্থীত পদের নাম উল্লেখ করতে হবে।
- এসএসসি/সমতুল্য পরীক্ষার সনদপত্রের ভিত্তিতে ১৭ ডিসেম্বর ২০১৮ খ্রি: তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৬২ বৎসর হতে হবে।
- বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত ডিগ্রীর সনদপত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতাকরণ সংক্রান্ত ইউজিসি/শিক্ষা মন্ত্রণালয়ের প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।
- কমিশনের সদস্য পদে নিয়োগের মেয়াদ হবে ৩ (তিন) বছর। তবে উক্ত মেয়াদ পূর্ণ হওয়ার পূর্বে নিযুক্ত ব্যক্তির বয়স ৬৫ (পয়ষট্টি) বছর পূর্ণ হলে তিনি সদস্য পদে আর বহাল থাকবেন না।
- নিযুক্ত সদস্যগণের পদমর্যাদা, বেতন, ভাতা ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধাদি এবং চাকুরির শর্ত প্রতিযোগিতা আইন, ২০১২ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন (চেয়ারপার্সন ও সদস্য) নিয়োগ বিধিমালা, ২০১২ অনুসারে সরকার কর্তৃক নির্ধারিত হবে।
- প্রার্থীগণের আবেদন প্রাথমিক বাছাইয়ের পর বাছাইকৃত প্রার্থীগণকে বাছাই কমিটির নিকট সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য পত্রের মাধ্যমে অবহিত করা হবে। ঠিকানা ভুল হলে সেজন্য প্রার্থী দায়ী থাকবেন।
- মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন ভ্রমণভাতা কিংবা দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিলসহ নিয়োগ কার্যক্রম স্থগিত ও পরীক্ষার সময় পরিবর্তন ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


২৪/১১/২০১৮
(শুভাশীষ বসু)
সিনিয়র সচিব
বাণিজ্য মন্ত্রণালয়